প্রথম আলো

4 JAN 2009
পৃষ্ঠা ... কলাম ...

### রাজশাহীতে হামলায় ১০ ছাত্রদল কর্মী আহত

# খুলনায় দুজনকে কুপিয়েছে ছাত্রলীগ মুলাদীতে বিএনপি কার্যালয় ভাঙচুর

প্রথম আলো ডেস্ক ●

খুলনার রূপসা উপজেলার আইচগাতি ইউনিয়নের যুবদল নেতা শেখ মামুন হোসেনকে (২৮) ও তাঁর চাচাকে গতকাল শনিবার কুপিয়েছে ছাত্রলীগের নেতা-কর্মীরা। জামালপুরের সরিষাবাড়ীতে বিএনপি সমর্থক এক মুক্তিযোদ্ধাকে গাছের সঙ্গে বেঁধে পেটানোর অভিযোগ উঠেছে।

রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (রুয়েটে) ছাত্রলীগের কর্মীদের হামলায় ছাত্রদলের ১০ কর্মী আহত হয়েছে। বরিশালের মুলাদী উপজেলা বিএনপির কার্যালয়ে হামলা ও ভাঙচুর করেছে ছাত্রলীগের একদল কর্মী-সমর্থক।

নড়াইল-১ আসনে বিজয়ী স্বতন্ত্র প্রার্থী কবিরুল হকের সমর্থকেরা গতকাল বিএনপির দুই সমর্থককে কুপিয়েছে।

**নিজস্ব প্রতিবেদক, আঞ্চলিক কার্যালয় ও প্রতিনিধিদের পাঠানো খবর:**

খুলনা: রূপসা যুবদলের নেতা মামুনের বাবা ব্যবসায়ী জাহিদ শেখ জানান, গতকাল বেলা পৌনে ১১টার দিকে ছাত্রলীগ ও যুবলীগের ১০-১২ জন কর্মী তাঁর ছেলেকে দোকান থেকে অপহরণ করে আইচগাতি ইউনিয়নের রাজাপুর প্রাথমিক বিদ্যালয়ের কাছে নিয়ে যায়। সেখানে চাপাতিসহ ধারালো অস্ত্র দিয়ে তাকে কুপিয়ে জখম করে। খবর পেয়ে মামুনের চাচা শেখ আবুল হোসেন (৪০) তাকে উদ্ধারের চেষ্টা করলে তাঁকেও কুপিয়ে জখম করে সন্ত্রাসীরা। পরে তাদের খুলনা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এরপর পৃষ্ঠা ১৩ কলাম ২ ● সম্পাদকীয়: পৃষ্ঠা-১০

## খুলনায় দুজনকে কুপিয়েছে ছাত্রলীগ মুলাদীতে

শেষ পৃষ্ঠার পর

সরিষাবাড়ী (জামালপুর): সরিষাবাড়ী উপজেলার আওনা ইউনিয়নের পঞ্চাশী মধ্যপাড়ায় গত শুক্রবার সন্ধ্যায় মুক্তিযোদ্ধা জহুরুল ইসলাম ওরফে চান মিয়াকে (৫৫) গাছের সঙ্গে বেঁধে পিটিয়ে হাত-পা ভেঙে দিয়েছে আওয়ামী লীগের সন্ত্রাসীরা। তাঁকে সরিষাবাড়ী স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

রাজশাহী: রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শুক্রবার রাত থেকে গতকাল দুপুর পর্যন্ত ছাত্রলীগের কয়েক দফা হামলায় ছাত্রদলের ১০ কর্মী আহত হন। আহতদের মধ্যে পাঁচজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

বরিশাল: ছাত্রলীগের একদল কর্মী-সমর্থক গতকাল বেলা ১১টার দিকে খণ্ড মিছিল নিয়ে মুলাদী উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে গিয়ে সাইনবোর্ড খুলে ফেলে এবং ভেতরের একটি চেয়ার ভাঙচুর করে। মুলাদী থানার কর্তব্যরত কর্মকর্তা মাসুদ জমাদ্দার জানান, ঘটনার পর বিএনপি ও আওয়ামী লীগের নেতাদের মধ্যে সমঝোতা হয়েছে।

নড়াইল: জেলার কালিয়া উপজেলার পহরডাঙ্গা ইউনিয়নে গতকাল সন্ধ্যায় নড়াইল-১ (কালিয়া-সদরের একাংশ) আসনে বিজয়ী স্বতন্ত্র প্রার্থী কবিরুল হকের সমর্থকেরা নৌকা প্রতীকের সমর্থক সরসপুর গ্রামের ইকলাম শেখের স্ত্রী খাদিজা বেগম (৪৫), ছেলে হাফিজুর রহমান (৩০), জাহানারা বেগমকে (৫০) পিটিয়ে আহত করে। একই গ্রামের মাওলানা মহিউদ্দিনকে সন্ত্রাসীরা রামদা দিয়ে কুপিয়ে আহত করে।

**ফতুল্লায় যুবলীগের দুজন গ্রেপ্তার**

নারায়ণগঞ্জ প্রতিনিধি জানান, সদর উপজেলার ফতুল্লার দাপায় বুড়িগঙ্গা নদীর তীরে বালুঘাটের দখল নিয়ে যুবলীগের দুই পক্ষের সংঘর্ষের পর ফতুল্লা মডেল থানার পুলিশ থানা যুবলীগের সভাপতি মীর সোহেল ও যুবলীগ নেতা হামিদুল হককে গ্রেপ্তার করে।